

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
পলাশবাড়ী গাইবান্ধা

স্মারকনং-৩৪.০১.৩২৬৭.০০০.৩৮.১৭৯./২৪-৯৬

তারিখ: ১৫/০৮/২০২৪খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, “ টেকনোলজি এমপাওয়ারমেন্ট সেন্টার অন হইলস ফর আন্ডারপ্রিভিলেজড রুরাল ইয়ং পিপল অব বাংলাদেশ (টেকাব ২য় পর্যায়) ”শীর্ষক প্রকল্পের আওতায় প্রামাণ্য আইসিটি ট্রেনিং ভ্যানেসের মাধ্যমে কম্পিউটার এন্ড নেটওয়ার্কিং বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে। এ উপলক্ষে গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলায় বসবাসরত ১৮ থেকে ৩৫ বছর বয়সী কমপক্ষে এইচ এস সি/সমমান পাশ বেকার যুবক এবং এস এস সি পাশ বেকার যুব নারীদের আগামী ০১/০৯/২০২৪খ্রিঃ থেকে ৩১/১০/২০২৪খ্রিঃ পর্যন্ত ০২ (দুই) মাসে সর্বমোট ৪৪ টি কার্যদিবসে উপজেলা পরিষদ চত্তরে প্রশিক্ষণের আয়োজন করা হয়েছে। তৎপ্রেক্ষিতে আগ্রহী প্রশিক্ষণার্থীদেরকে নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ২৭/০৮/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, পলাশবাড়ী, গাইবান্ধা জমা প্রদানের অনুরোধ করা হলো।

সাক্ষাৎকার/মৌখিক পরীক্ষা: ২৮/০৮/২০২৪খ্রিঃ সময়: সকাল ১০ ঘটিকা, স্থান: যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়।

প্রশিক্ষণের সুবিধাদী:

- ১। প্রশিক্ষণার্থীর সংখ্যা ৪০ জন। প্রশিক্ষণ ২ শিফটে অর্থাৎ ১ম শিফট প্রতিদিন সকাল ৯:০০ টা হতে দুপুর ১:০০ টা পর্যন্ত। ২য় শিফট দুপুর ১:৩০ টা হতে ৫:৩০ মিনিট পর্যন্ত ২০ জন করে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ২। প্রতি ব্যাচে ২০ জন যুবক ও ২০ জন যুবনারীকে প্রশিক্ষণ প্রদান করা হবে।
- ৩। প্রশিক্ষণটি তাত্ত্বিক ও ব্যবহারিক দুই ভাগে বিভক্ত থাকবে। প্রশিক্ষণার্থীদের পারফরমেন্স প্রতি সপ্তাহে লিখিত ও ব্যবহারিক পরিষ্কার মাধ্যমে মূল্যায়ন পরিষ্কার সম্বন্ধিত ফলাফলের ভিত্তিতে প্রশিক্ষণার্থীদের চূড়ান্ত পারফরমেন্স নির্ধারণ করে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণ সমাপনীর দিন সনদপত্র প্রদান করা হবে।
- ৪। প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের উপস্থিতকালীন প্রতি কর্মদিবসে জন প্রতি ২০০/- (দুই শত) টাকা বাজেট সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা প্রদান করা হবে।

(মোঃ কামরুল হাসান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই নির্বাচন কমিটি

টেকাব ২য় পর্যায় শীর্ষক প্রকল্প

পলাশবাড়ী, গাইবান্ধা

তারিখ: ১৫/০৮/২০২৪খ্রিঃ

স্মারকনং-৩৪.০১.৩২৬৭.০০০.৩৮.১৭৯./২৪-৯৬

- ১। প্রকল্প পরিচালক, টেকাব ২য় পর্যায় প্রকল্প, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক যুব উন্নয়ন অধিদপ্তর, গাইবান্ধা।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী, গাইবান্ধা।
- ৪। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদসকল।
- ৫। অফিস কপি।

আ. ম. শহীদউল্লাহ ভূঞা

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

ও

সদস্য সচিব

প্রশিক্ষণার্থী যাচাই-বাছাই নির্বাচন কমিটি

টেকাব ২য় পর্যায় শীর্ষক প্রকল্প

পলাশবাড়ী, গাইবান্ধা